



সংবাদ বিজ্ঞপ্তি

ম্যানিলা, ৩১ ডিসেম্বর ২০২৩: “প্রবাসীর কল্যাণ, মর্যাদা-আমাদের অঙ্গীকার, স্মার্ট বাংলাদেশ গড়ায় তারাও সমান অংশীদার” প্রতিপাদ্যে বাংলাদেশ দূতাবাস, ম্যানিলাতে উৎসাহ-উদ্দীপনায় ‘জাতীয় প্রবাসী দিবস-২০২৩’ পালিত হয়েছে। এ উপলক্ষে শনিবার বেলা ০৪.০০ টায় দূতাবাস প্রাঙ্গণে একটি আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। আলোচনা সভায় দূতাবাস কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এবং ম্যানিলাতে বসবাসরত প্রবাসী বাংলাদেশীগণ অংশগ্রহণ করেন।

দিবসটি উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, পররাষ্ট্রমন্ত্রী এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী প্রদত্ত বাণী পাঠ করা হয়। এছাড়া দিবসটি উপলক্ষে পররাষ্ট্র মন্ত্রণালয় হতে প্রেরিত প্রবাসীদের কর্মসংস্থান ও তাদের কল্যাণবিষয়ক কার্যক্রমের উপর প্রস্তুতকৃত একটি বিশেষ প্রামাণ্যচিত্র প্রদর্শন করা হয়।

আলোচনা সভায় বক্তব্যের শুরুতে রাষ্ট্রদূত এফ এম বোরহান উদ্দিন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন। তিনি ফিলিপাইনে বসবাসরত প্রবাসীদেরসহ বিশ্বের বিভিন্ন প্রান্তে বসবাসরত সকল প্রবাসী বাংলাদেশীদের জাতীয় প্রবাসী দিবসের শুভেচ্ছা ও অভিনন্দন জানান। তিনি বলেন, বিজয়ের মাস এই ডিসেম্বরের ৩০ তারিখ ‘জাতীয় প্রবাসী দিবস’ হিসেবে ঘোষণা বিশেষ তাৎপর্যপূর্ণ। তিনি আরও বলেন, প্রবাসীদের সাথে বাংলাদেশের উন্নয়ন ওতপ্রোতভাবে জড়িত। প্রবাসীগণ বাংলাদেশে রেমিট্যান্স প্রেরণের মাধ্যমে দেশের অর্থনীতির চাকা সচল করার পাশাপাশি আর্থসামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে বলে রাষ্ট্রদূত মন্তব্য করেন। তিনি নিয়মিতভাবে বৈধ চ্যানেলে বাংলাদেশে রেমিট্যান্স পাঠানোর মাধ্যমে দেশ গঠনে সক্রিয়ভাবে অংশগ্রহণ করবার জন্য সকল প্রবাসীদের আহ্বান জানান। সেই সাথে বৈধ উপায়ে রেমিট্যান্স পাঠানোর ক্ষেত্রে সরকার ঘোষিত বিভিন্ন প্রণোদনাসহ প্রবাসীদের কল্যাণে সরকার গৃহীত বিভিন্ন কার্যক্রম এবং দূতাবাসের ভূমিকার বিষয়ে তিনি উপস্থিত সবাইকে অবহিত করেন।

অনুষ্ঠান শেষে রাষ্ট্রদূত উপস্থিত সকল প্রবাসীদের সাথে শুভেচ্ছা বিনিময় করেন এবং দূতাবাসের কনসুলার ও কল্যাণ কার্যাবলী নিয়ে সকলের সাথে মতবিনিময় করেন।

(সায়মা রাজ্জাকী)

কাউন্সেলর ও দূতালয় প্রধান